



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 1st Semester Examination, 2018

BNGACOR01T-BENGALI (CC1)

PRAGADHUNIK BANGLA SAHITYAR ITIHAS



Time Allotted: 2 Hours

Full Marks: 50

The figures in the margin indicate marks of question.
Candidates should answer in their own words
and adhere to the word limit as practicable.

প্রাস্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নেরমান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে
উত্তর দিতে হবে।

প্রতিটি একক থেকে একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও

১০×৪=৪০

(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

একক - ১

- ১। বাংলা সাহিত্যের প্রাচীনতম গ্রন্থের প্রকৃত নাম কী? কে এই গ্রন্থটি কোথা থেকে আবিষ্কার করেন? এই গ্রন্থটির সাহিত্যিক মূল্য বিচার করো। ১+২+৭

অথবা

- শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটি কে রচনা করেন? এই কাব্যটি মোট কটি খণ্ডে রচিত? ক্রমানুসারে খণ্ডগুলির নাম লেখো। এই কাব্যে সমসাময়িক বাংলাদেশের সমাজচিত্র সম্পর্কে যে ধারণা পাওয়া যায় তা নিজের ভাষায় লেখো। ১+১+২+৬

একক - ২

- ২। মঙ্গলকাব্যের উৎপত্তির কারণ নির্দেশ করে 'অন্নদামঙ্গল' কাব্য-এর কাহিনী সংক্ষেপে বর্ণনা করো। এই কাব্যের রচয়িতা ভারতচন্দ্রের কাব্যকৃতির পরিচয় দাও। ২+৩+৫

অথবা

- 'ধর্মমঙ্গল'-কে কেন 'রাঢ়ের জাতীয় মহাকাব্য' বলে অভিহিত করা হয়? এই কাব্যধারার শ্রেষ্ঠ কবির কৃতিত্ব পর্যালোচনা করো। ৪+৬

একক - ৩

- ৩। মধ্যযুগে বাংলা অনুবাদ সাহিত্য সৃষ্টির সম্ভাব্য কারণগুলি আলোচনা করো। কবি কৃত্তিবাসের কাব্যকৃতির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫+৫

অথবা

- মহাভারতের অনুবাদক ও তাঁদের অনুবাদ-কর্মের নাম উল্লেখ করো। কাশীরাম দাসের অনুবাদ-কর্মের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে কবির কৃতিত্ব বিচার করো। ৩+৭

একক - ৪

৪। চৈতন্যপূর্ব ও চৈতন্যোত্তর যুগের বৈষ্ণব পদাবলী সাহিত্যের প্রধান প্রধান পার্থক্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ৫+৫

অথবা

শাক্ত পদাবলীর শ্রেষ্ঠ কবি রামপ্রসাদ সেনের কবিকৃতির পরিচয় দাও। ১০

৫। যে-কোনো দুটি বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাওঃ ৫×২= ১০

(ক) বাংলা সাহিত্যে তুর্কী আক্রমণের প্রভাব

(খ) শিবায়ন

(গ) শ্রীকৃষ্ণবিজয়

(ঘ) জয়ানন্দের চৈতন্যমঙ্গল।

—x—